

# মুগান্ধি

প্রিন্ট: ১৯ নভেম্বর ২০২৫, ১০:২১ এএম

সারাদেশ

## এগিয়ে আনা হলো রুয়েটের ভর্তি পরীক্ষা



রাজশাহী বুরো

প্রকাশ: ১৮ নভেম্বর ২০২৫, ১০:৩৮ পিএম



রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রংয়েট) ১০২৫-১০২৬ সেশনের স্নাতক প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা একদিন এগিয়ে আনা হয়েছে। আগামী ২৩ জানুয়ারির পরিবর্তে ২২ জানুয়ারি এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মঙ্গলবার (১৮ নভেম্বর) বিকালে ভর্তি পরীক্ষার স্টিয়ারিং কমিটির এক সভায় অনিবার্য কারণবশত এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ শাখা।

কর্তৃপক্ষ জানিয়েছে, পরীক্ষার কেন্দ্রসহ ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্য সব সিদ্ধান্ত ও প্রার্থীদের যোগ্যতা অপরিবর্তিত রয়েছে।

শিক্ষার্থীদের সুবিধায় এবারই প্রথমবারের মতো রংয়েটের পাশাপাশি বুয়েট কেন্দ্রেও এমসিকিউ পদ্ধতিতে অভিন্ন প্রশ্নপত্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। রংয়েটের ১২ শতাধিক আসনের বিপরীতে ১৯ হাজার শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।